

**প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ শুক্রবার বাবুগঞ্জ উপজেলার সন্ধ্যা নদীর শাখা বকুলতলা এলাকায় মোবাইল কোর্ট চলাকালীন সময়ে নিষিদ্ধ কারেন্ট জাল ও মা ইলিশ রক্ষা অভিযান পরিচালনার সময় ব্যবহৃত ০১ (এক) টি ইঞ্জিনচালিত ট্রলার এবং ইঞ্জিনব্যতীত মাছ ধরার নৌকা ০১টি ভ্রাম্যমাণ আদালত কর্তৃক পরিচালনাকালে জব্দ করা হয়। জব্দকৃত ট্রলারসমূহ বাবুগঞ্জ থানার সামনে খালে প্রদর্শনের জন্য রক্ষিত রয়েছে। জব্দকৃত ০১(এক) টি ইঞ্জিনচালিত ট্রলার এবং ইঞ্জিনব্যতীত মাছ ধরার নৌকা ০১টি মোট-০২ টি আগামী ০৪/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার ১১:০০ ঘটিকায় সময়ে উপজেলা পরিষদ সভাকক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ক্রেতাদের নিম্নোক্ত শর্তসাপেক্ষে উক্ত নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তবলী:**

- ০১। প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে সর্বোচ্চ নিলাম ডাককারীর দর গ্রহণ করা হবে।
- ০২। প্রকাশ্য নিলামে সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত ক্রেতাকে অবশ্যই তার আহ্বানকৃত দর হিসেবে সমুদয় অর্থ নিলাম শেষ হওয়ার সাথে সাথেই তাৎক্ষণিক ভাবে নগদ পরিশোধ করতে হবে।
- ০৩। উদ্বৃত্ত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর জমা দিতে হবে।
- ০৪। ডাক গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ০৩(তিন) দিনের মধ্যে নিলামকৃত ইঞ্জিনচালিত ট্রলার এবং ইঞ্জিনব্যতীত মাছ ধরার নৌকাসমূহ অপসারণ করতে হবে।
- ০৫। যে কোন ডাক গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(শাখিলা রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

বাবুগঞ্জ, বরিশাল।

মোবাইল নম্বর- +৮৮০১৩১৮২৫৬৩৩১


e-unobabuganj@mopa.gov.bd

নম্বর- ০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২০২৪-৮৬৭

তারিখঃ ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ।  
২৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ০১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল।
- ০২। সহকারী কমিশনার (ভূমি), বাবুগঞ্জ, বরিশাল।
- ০৩। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, বিএমপি, বরিশাল।
- ০৪। অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, বাবুগঞ্জ, বরিশাল।
- ০৫। উপজেলা আইসিটি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল। (তাকে বিজ্ঞপ্তিটি ওবেসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
- ০৭। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা (সকল) ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল(তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানো এবং বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ০৮। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার

বাবুগঞ্জ, বরিশাল।

মোবাইল নম্বর- +৮৮০১৩১৮২৫৬৩৩১

e-unobabuganj@mopa.gov.bd